

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭১

তারিখ: ২২ মাঘ ১৪২৬

০৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ শ্রীমঙ্গল ও পাবনা অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে যা কোন কোন স্থান থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দেশের অন্যত্র তা সামান্য হ্রাস পেতে পারে। দেশের দক্ষিণাঞ্চলের দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দেশের অন্যত্র তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাত/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৫.৭	২৫.২	২৬.৮	২৫.৬	২৫.৬	২৫.১	২৬.০	২৬.০
সর্বনিম্ন তাপমাত্রা	১১.২	১২.৪	১০.৭	০৯.৭	১০.০	০৬.৬	১১.০	১২.১

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ২৬.৮° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৬.৬°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৪/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪৫টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	০	০
২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	৫	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	১০	০	০
৭।	চট্টগ্রাম	৮	০	১
৮।	খুলনা	৯	০	০
	মোট	৪৫	০	১

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

চট্টগ্রামঃ জেলা প্রশাসন, চট্টগ্রাম স্মারক নং ০৫.৪২.১৫০০.২১১.৯৬.০১৪.২০-৭২ তারিখ ০৩/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ০৩.০২.২০২০ খ্রিঃ তারিখ ভোর ০৫.১০ ঘটিকায় চট্টগ্রাম মহানগরের ২৯ নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ডস্থ এস আর বি কলোনীতে (বস্ত্রি ঘর) অগ্নিকান্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ০৪ টি ইউনিটের ১৫ টি গাড়ী অংশগ্রহণ করে সকাল ০৭.৫০ ঘটিকায় আগুন নেভাতে সক্ষম হয়। অগ্নিকান্ডে ১৫১ (একশত একান্ন) টি পরিবারের বসতঘর পুড়ে গেছে। মানবিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের মধ্যে পরিবার প্রতি ০১ পিস করে কম্বল এবং ০১ প্যাকেট করে শুকনো খাবার জেলা প্রশাসনের মাধ্যমে বিতরণ করা হয়েছে। তাছাড়া, জেলা প্রশাসনের তত্ত্বাবধানে ক্ষতিগ্রস্তদের মধ্যে রান্না করা খাবার সরবরাহ করা হচ্ছে।

চট্টগ্রামঃ উপজেলা প্রশাসন, সাতকানিয়া, চট্টগ্রাম স্মারক নং ৫১.০১.১৫৮২.০০০.৪১.০৩৫.১৯/৩৭৯ তারিখ ০৫/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ০৪.০২.২০২০ খ্রিঃ তারিখ দিবাগত রাত ০২.০০ ঘটিকায় সাতকানিয়া উপজেলায় কালিয়াইশ ইউনিয়নে ২ (দুই) টি সেমি পাকা বাড়ীতে অগ্নিকান্ড সংঘটিত হয়। এ অগ্নিকান্ডে একজন নিহত হয়েছেন। নিহত ব্যক্তির বিবরণ নিম্নরূপঃ

ক্রঃ নং	নিহতের নাম, বয়স এবং পিতা/স্বামীর নাম	ঠিকানা	মন্তব্য
১	আনোয়ারা বেগম (৫৭), স্বামী- মোঃ ইউনুছ আহমদ চৌঃ	গ্রাম - মলেয়াবাদ ০২ নং ওয়ার্ড, কালিয়াইশ ইউনিয়ন	অগ্নিদগ্ধ হয়ে মারা যায়।

২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।

৫-২-২০ ২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭১/১(৬৫)

তারিখ: ২২ মাঘ ১৪২৬

০৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা

৫-২-২০ ২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা